

যশোরে হল হাইস্কুল প্রোগ্রামিং ক্যাম্প

যশোরে হাইস্কুল প্রোগ্রামিং ক্যাম্প করেছে বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক (বিডিওএসএন)। বিশ্বের বরণ্য প্রোগ্রামারদের অধিকাংশই স্কুল পর্যায় থেকে কম্পিউটার প্রোগ্রামিংয়ে অভ্যস্ত হয়েছে। তাই প্রোগ্রামিংয়ে ভালো করতে হলে ছোটবেলা থেকে যথাযথভাবে প্রস্তুতি নিতে উদ্বুদ্ধ করতে বিডিওএসএনের এমন আয়োজন। দেশের বিভিন্ন স্থানে প্রোগ্রামিং ক্যাম্প আয়োজনের উদ্যোগ হিসেবে যশোর ক্যান্টনমেন্ট কলেজের আইসিটি ল্যাবে ৮ থেকে ১০ জুলাই 'হ্যালো ওয়ার্ল্ড' নামের এ প্রোগ্রামিং ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। ক্যাম্পে যশোর ক্যান্টনমেন্ট কলেজের ৫০ শিক্ষার্থী অংশগ্রহণ করে। তিন দিনব্যাপী এ ক্যাম্পে শিক্ষার্থীদের প্রোগ্রামিংয়ের বেসিক থেকে শুরু করে, কম্পিউটার লজিক, লুপ, নেস্টেড লুপ, অ্যারে, ফাংশন, স্ট্রিংয়ের ধারণা দেয়া হয়। এছাড়া এসব বিষয় প্রয়োগ করে

কীভাবে প্রোগ্রামিং সমস্যার সমাধান করা হয় তারও ধারণা দেয়া হয়। শেষ দিনে আয়োজন করা হয় প্রোগ্রামিং প্রতিযোগিতা এবং এর শীর্ষ তিন বিজয়ীকে পুরস্কৃত করা হয়। সমাপনী দিনে

যাদের প্রযুক্তি জ্ঞান অনেক বেশি। তিনি আগামীতে এ ধরনের আরও আয়োজনের আশ্বাস দেন। বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের পক্ষে ক্যাম্প পরিচালনা করেন যশোর বিজ্ঞান



অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে কলেজের উপাধ্যক্ষ কাজী ইকবাল উর রশীদ বলেন, সারা বিশ্বে এখন তথ্যপ্রযুক্তির আলোয় আলোকিত, আর এ বিশ্বের রাজা হবে ভারত।

প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও গোপালগঞ্জ পলিটেকনিকের শিক্ষার্থী বাখন সেন, সাইফুল ইসলাম, নাসিম আকাশ ও মিজানুর রহমান। টেকশহর।

—আইটি ডেস্ক